আবেদনকারীর সাম্প্রতিক ০২ কপি ছবি (সত্যায়িত)

## ২৮তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০২৪

[১৫ জানুয়ারি, ২০২৪ তারিখ (সম্ভাব্য) হতে মাসব্যাপী]

www.epb.gov.bd / Facebook: www.facebook.com/epb.gov.bd

E-mail: ditf@epb.gov.bd

Export Promotion Bureau Bangladesh

### ২৮তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০২৪ এ প্রিমিয়ার মিনি রেস্টুরেন্ট (PMR) এর জন্য আবেদনপত্র।

১। প্রতিষ্ঠান/কোম্পানী/সংস্থার নাম (ট্রেড লাইসেন্স অনুযায়ী) :..........................................................................

২। ঠিকানা: ........................................................................................................................................

টেলিফোন নম্বর: .............................. মোবাইল নম্বর:..............................ই-মেইল নম্বর: ........................

শহর: ............................ বিভাগ:......................... পোস্ট কোড: .................. ফ্যাক্স: ..............................

৩। **প্রিমিয়ার মিনি রেস্টুরেন্টের আয়তন, প্রসেসিং ফি ও সর্বনিম্ন ফ্লোর মূল্যঃ**

আয়তনঃ ২০´ X ২০´ = ৪০০ বর্গফুট (কম/বেশি)

আবেদনপত্র প্রসেসিং ফি (ভ্যাট ট্যাক্সসহ) ১২,০০০/- (বারো হাজার) টাকা মাত্র (অফেরতযোগ্য)

সর্বনিম্ন ফ্লোর মূল্য ৬,৫০,০০০/- (ছয় লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মাত্র

৪। **প্রিমিয়ার মিনি রেস্টুরেন্টের নম্বর পছন্দের ক্রম এবং উদ্ধৃত মূল্যঃ**

| পছন্দের ক্রমিক নং | প্রিমিয়ার মিনি রেস্টুরেন্টের নং- (মাস্টার প্ল্যান অনুযায়ী) | উদ্ধৃত মূল্য (টাকায় এবং কথায়) (ভ্যাট ট্যাক্স ব্যতিত) |
|---|---|---|
| ১ম | | |
| ২য় | | |
| ৩য় | | |

৫। **প্রিমিয়ার মিনি রেস্টুরেন্টের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক নিয়োজিত/মনোনীত দায়িত্ব পালনকারী পরিচালক/কর্মকর্তা:**

| ক্রমিক নং | নাম | পদবী | ঠিকানা | ফোন/মোবাইল নম্বর |
|---|---|---|---|---|
| ১ | | | | |
| ২ | | | | |

৬। **প্রিমিয়ার মিনি রেস্টুরেন্টের ম্যানেজমেন্ট স্টাফ/মালিকের বিবরণ (ব্যক্তিগত মালিকানা ক্ষেত্রে) :**

| ক্রমিক নং | নাম | পদবী | ঠিকানা | ফোন/মোবাইল নম্বর |
|---|---|---|---|---|
| ১ | | | | |
| ২ | | | | |

৭। **ব্যবসার ধরণ (বাক্সে টিক চিহ্ন দিন):**

☐ ক) উৎপাদনকারী

☐ খ) সাধারণ ব্যবসায়ী

☐ গ) সরকারী/স্বায়ত্বশাসিত সংস্থা/ব্যাংক

☐ ঘ) চেম্বার/ট্রেড এসোসিয়েশন

☐ ঙ) রপ্তানিকারক

☐ চ) অন্যান্য

৮। **প্রদর্শনের জন্য পণ্য (ট্রেড লাইসেন্স অনুযায়ী) :**

(ক) .................................................. (খ) ........................................

(গ) .................................................. (ঘ) ........................................

(ঙ) .................................................. (চ) ........................................

(ছ) .................................................. (জ) ........................................

৯। **আবেদনপত্র প্রসেসিং ফি (আবেদনকারী প্রতিষ্ঠান/কোম্পানীর নামে হতে হবে) :**

ব্যাংক ডিপোজিট/স্ক্রল নম্বর : ......................... তারিখ: .......................... ব্যাংক এর নাম: ..................................

শাখা :........................................................... টাকার পরিমাণ : ..........................................................

১০। **নিরাপত্তা জামানত (ফেরতযোগ্য) রশিদ (আবেদনকারী প্রতিষ্ঠান/কোম্পানীর নামে হতে হবে) :**

ব্যাংক ডিপোজিট/স্ক্রল নম্বর : ......................... তারিখ :....................... ব্যাংক এর নাম : .............................

শাখা : ........................................................... টাকা পরিমাণ : ........................................................

১১। প্রিমিয়ার মিনি রেস্টুরেন্টে বরাদ্দের জন্য আগ্রহী অংশগ্রহণকারীদের নিম্নলিখিত ব্যাংক হিসাব নম্বর ''ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা তহবিল'' এর পক্ষ নিরাপত্তা জামানত হিসাবে উদ্ধৃত দরের ২৫% পরিমাণ অর্থ ইপিবি'র ওয়েবসাইটে প্রদত্ত নির্ধারিত ডিপোজিট স্লিপের মাধ্যমে জমা দিতে হবে।

- ব্যাংক এর নামঃ ব্র্যাক ব্যাংক লিঃ
- এসএনডি হিসাব নম্বরঃ ১৫০১১০২৪৮৫১০৩০০১

১২। <u>আবেদনপত্রের সহিত নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবেঃ</u>

(ক) আবেদনপত্র প্রসেসিং ফি, নিরাপত্তা জামানত বাবদ জমাকৃত অর্থের স্লিপ (ডিআইটিএফ অংশের মূল কপি);
(খ) ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি;
(গ) ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি;
(ঘ) এক্সপোর্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট (ইআরসি) সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);
(ঙ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইস্যুকৃত (পিআরসি) (প্রযোজ্য ক্ষেত্রে) এর সত্যায়িত ফটোকপি;
(চ) করবর্ষ ২০২২-২৩ এর কর নিষ্পত্তির সার্টিফিকেট-এর সত্যায়িত ফটোকপি;
(ছ) চেম্বার/ ট্রেড এসোসিয়েশনের সদস্য সার্টিফিকেট-এর সত্যায়িত ফটোকপি (যদি থাকে);
(জ) ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট;
(ঝ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

১৩। <u>শর্তাবলী</u>

১৩.১ প্রিমিয়ার মিনি রেস্টুরেন্ট নাম্বার ও লোকেশন ম্যাপ রপ্তানি উন্নয়ন ব্যুরোর মেলা সচিবালয় ও ইপিবি'র ওয়েবসাইট www.epb.gov.bd এ মাস্টার প্ল্যান পাওয়া যাবে। প্রয়োজনে মেলা কর্তৃপক্ষ মাস্টার প্ল্যান পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন;

১৩.২ বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠান/সংস্থাকে রেস্টুরেন্ট উদ্ধৃত দরের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়কর প্রদান করতে হবে;

১৩.৩ আবেদনপত্রের হার্ডকপি ০৯-১১-২০২৩ খ্রিঃ তারিখ দুপুর ০২:০০ টা পর্যন্ত (ক) রপ্তানি উন্নয়ন ব্যুরো, ১, কাওরান বাজার, টিসিবি ভবন (৫ম তলা), ঢাকা-১২১৫ অথবা (খ) বাণিজ্য মন্ত্রণালয়, ভবন নং-৩, রুম নং- ১২৬-ঘ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা; অথবা (গ) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সাধারণ), প্রথম ১২ তলা বিশিষ্ট সরকারি ভবন, ২য় তলা, রুম নং-৩০৩, সেগুনবাগিচা, ঢাকা-এ জমা প্রদান করা যাবে। নির্দিষ্ট সময় ও তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;

১৩.৪ আবেদনপত্র ই-মেইলে ditf@epb.gov.bd আগামী ০৯-১১-২০২৩ খ্রিঃ তারিখ দুপুর ০২:০০ টা পর্যন্ত প্রয়োজনীয় কাগজাদিসহ জমা দেওয়া যাবে;

১৩.৫ বৈধ ট্রেড লাইসেন্সে ছাড়া প্রিমিয়ার মিনি রেস্টুরেন্টে খাবার বিক্রি বা প্রদর্শন করা যাবে না;

১৩.৬ আবেদনকারীকে বাংলা ও ইংরেজি ভাষা ছাড়া অন্য কোন ভাষায় লিখিত সাইনবোর্ড, ব্যানার বা ফেস্টুন ব্যবহার করার অনুমতি দেওয়া হবে না;

১৩.৭ কোন প্রতিষ্ঠানের নিকট পূর্বের ডিআইটিএফ এর পাওনা থাকলে উক্ত প্রতিষ্ঠান ডিআইটিএফ-২০২৪ এর জন্য আবেদনের অযোগ্য বিবেচিত হবে;

১৩.৮ প্রিমিয়ার মিনি রেস্টুরেন্ট এর জন্য নির্বাচিত প্রতিষ্ঠান/সংস্থাকে অবশ্যই প্রথম শ্রেণী স্থপতি ও প্রকৌশলী দ্বারা প্রস্তুত করা স্থাপত্য ও কাঠামোগত নকশা মেলা সচিবালয়ে জমা দিতে হবে। রেস্টুরেন্ট নির্মাণে কোন বিচ্যুতি দেখা দিলে রেস্টুরেন্ট নির্মাণ কাজ বন্ধ করে দেয়া হবে।

১৩.৯ আবেদনপত্রের সাথে ভূয়া কাগজপত্র জমা দেওয়ার জন্য নিরাপত্তা জামানত বাজেয়াপ্ত এবং বিদ্যমান আইন/নিয়ম অনুযায়ী অন্যান্য জরিমানাসহ বরাদ্দপত্র বাতিল করা হবে;

১৩.১০ বরাদ্দপ্রাপ্ত আবেদনকারীগণ কোন ক্রমেই মালিকানা অন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর করতে পারবেন না। করলে বরাদ্দ বাতিলসহ জমাকৃত সম্পূর্ণ অর্থ বাজেয়াপ্ত করা হবে;

১৩.১১ চূড়ান্ত বরাদ্দপত্র পাওয়ার আগে, লিখিত ঘোষণা/অঙ্গীকার সংশ্লিষ্ট সংস্থা/প্রতিষ্ঠানকে মেলা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত এবং বিতরণকৃত এতদসংক্রান্ত শর্তাবলী সম্বলিত ৩০০/- (টাকা তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি চুক্তিতে আবদ্ধ হতে হবে;

১৩.১২ মেলা কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে অতিরিক্ত ফ্লোর/তলা নির্মাণের ক্ষেত্রে প্রতি তলা নির্মাণ বাবদ ভাড়া, ভ্যাট ও ট্যাক্সসহ সর্বমোট টাঃ ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা ডিআইটিএফ তহবিলে জমা করতে হবে;

১৩.১৩ অতিরিক্ত ফ্লোর/তলা নির্মাণের ক্ষেত্রে ডিআইটিএফ এর অথরিটির পূর্বানুমোদন গ্রহণ করতে হবে;

১৩.১৪ বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠান যদি কোন নিয়ম-কানুন ও বিধি লঙ্ঘন করে, তাহলে কর্তৃপক্ষ নিরাপত্তা জামানতের সমপরিমাণ অর্থ জরিমানা করতে পারবে তা নিরাপত্তা জামানত হতে সমন্বয় করা হবে;

১৩.১৫ বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠান/সংস্থা বরাদ্দযোগ্য জায়গার অতিরিক্ত জায়গা দখল করলে, অতিরিক্ত জায়গার ভাড়ার ১.৫ (দেড়) গুণের অধিক জরিমানা করা হবে;

১৩.১৬ প্রিমিয়ার মিনি রেস্টুরেন্ট এর বরাদ্দকৃত মূল্য ৩০ (ত্রিশ) দিনের জন্য প্রযোজ্য হবে;

১৩.১৭ ডিআইটিএফ-২০২৪ এর মেয়াদ/সময়কাল বর্ধিত হলে- অতিরিক্ত দিনের জন্য বরাদ্দকৃত মূল্যের আনুপাতিক হারে ভাড়া, ভ্যাট-ট্যাক্স পরিশোধ করতে হবে। যদি ভাড়া, ভ্যাট-ট্যাক্স পরিশোধ করা না হয়, নিরাপত্তা জামানতের অর্থ থেকে কর্তন করা হবে;

১৩.১৮ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত খাবার মূল্য তালিকা অনুযায়ী খাবার বিক্রয় করতে হবে;

১৩.১৯ মেলার শ্রেষ্ঠ প্যাভিলিয়ন/রেস্টুরেন্ট/স্টল নির্বাচন কমিটির বিবেচনায় মেলার শ্রেষ্ঠ প্যাভিলিয়ন/রেস্টুরেন্ট /স্টল এর বরাদ্দপ্রাপ্ত/স্বত্বাধিকারী প্রতিষ্ঠানকে পুরস্কৃত করা হবে। এ বিষয়ে মেলা কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

১৩.২০ ডিআইটিএফ-২০২৪ এ বরাদ্দকৃত প্রিমিয়ার মিনি রেস্টুরেন্ট এর সাইনবোর্ড, ব্যানার, নাম, ব্যান্ড এবং লোগো ছাড়া অন্য কোন প্রতিষ্ঠানের সাইনবোর্ড, ব্যানার, নাম, ব্যান্ড এবং লোগো ব্যবহার করা যাবে না। এর ব্যত্যয় হলে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

১৩.২১ **আবেদনপত্রের প্রত্যেক পাতার নিচের অংশে আবেদনকারীর স্বাক্ষর, সীল ও তারিখ থাকতে হবে;**

১৩.২২ যদি কোন প্রতিষ্ঠান/সংস্থা বিজ্ঞাপন, আবেদনপত্র ও বরাদ্দপত্রের শর্তাবলী পরিপালন করতে ব্যর্থ হলে, উক্ত প্রতিষ্ঠান/সংস্থাকে ভবিষ্যতে ডিআইটিএফ এ অংশগ্রহনের জন্য কালো তালিকাভুক্ত/অযোগ্য ঘোষণা করা হবে;

১৩.২৩ এ কাজের বরাদ্দপ্রাপ্ত কোন প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী অথবা স্বত্বাধিকারী মেলা কর্তৃপক্ষর সাথে কোন অসৌজন্যমূলক আচরণ করলে ব্যুরোর ভাইস-চেয়ারম্যান তাদের বিরুদ্ধে মামলা দায়ের/আইনানুগ ব্যবস্থাসহ সে সকল প্রতিষ্ঠানকে ডিআইটিএফ এ অংশগ্রহনের অযোগ্য ঘোষণা করতে পারবেন।

১৩.২৪ মেলা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত আইটেমওয়ারী স্বাক্ষরযুক্ত মূল্য তালিকা ফুড স্টলের দৃশ্যমান স্থানে/প্রতি টেবিলের মধ্যে স্বচ্ছ টেবিল ক্লথের নীচে ফটোকপি করে সংরক্ষণ/প্রদর্শণ করতে হবে। অতিরিক্ত বিল দাবী করলে ভোক্তা অধিকার আইনসহ প্রচলিত আইনের আওতায় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩.২৫ প্রিমিয়ার মিনি রেস্টুরেন্টে মানসম্মত খাবার পরিবেশন করতে হবে। পঁচা-বাসী, মেয়াদ উত্তীর্ণ, ক্ষতিকর রাসায়নিক পদার্থ বা অননুমোদিত রং ব্যবহৃত কোন খাবার পরিবেশন করা যাবে না। বিশুদ্ধ খাদ্য আইনের আওতায় খাবারের মান নিশ্চিত করতে হবে। অন্যথায় কঠোর আইনানুগ ব্যবস্থাগ্রহণ করা হবে।

১৩.২৬ স্বাস্থ্য সম্মত পদ্ধতিতে মানসম্মত খাবার পরিবেশন করতে হবে। তৈরীকৃত খাবার ঢেকে রাখতে হবে। মাছি বা অন্য কোন ক্ষতিকর প্রাণী যাতে খাবারে বসতে না পারে সেজন্য প্রয়োজনীয় ঢাকনাসহ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৩.২৭ প্রিমিয়ার মিনি রেস্টুরেন্টের সামনে চুলা বসানো যাবে না। ফুড স্টলের সামনের অংশে খাবারের টেবিল, আলমিরা, ফ্রিজ বা এ ধরণের কোন কিছু রেখে জনচলাচলের বিঘ্ন ঘটানো যাবে না।

১৩.২৮ প্রয়োজনীয় সংখ্যাক অগ্নিনির্বাপক যন্ত্র আবশ্যিকভাবে ফুড স্টলে স্থাপন করতে হবে।

১৩.২৯ খাবারের কাঁচামাল ও উপাদানসমূহ মানসম্মত, মেয়াদযুক্ত ও যথাযথ নিয়মে সংরক্ষণ করতে হবে। রান্না ও তৈরী খাবারের সাথে কাঁচা মাছ-মাংস বা অন্য কোন উপাদান এক সাথে ফ্রিজে রাখা যাবে না;

১৩.৩০ কোন প্রতিষ্ঠান/সংস্থা ডিআইটিএফ কার্যক্রমে অংশগ্রহণে অযোগ্য ঘোষিত/রপ্তানি উন্নয়ন ব্যুরো দ্বারা কালো তালিকাভুক্ত হয়ে থাকলে উক্ত প্রতিষ্ঠান/সংস্থার আবেদনপত্র অযোগ্য হিসেবে বিবেচিত হবে ;

১৩.৩১ **আবেদনপত্রের সাথে দাখিলকৃত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট এ বর্ণিত ব্যাংকের হিসাব নম্বরে নিরাপত্তা জামানতের অর্থ ফেরত প্রদান করা হবে ;**

১৩.৩২ অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না;

১৩.৩৩ অনিবার্যকারণ বশত: মেলা আয়োজনের সময়সীমা পরিবর্তিত হলে তা যথাসময়ে বিজ্ঞপ্তির মাধ্যমে প্রচার করা হবে;

১৩.৩৪ মেলা কর্তৃপক্ষ আংশিক বা সমস্ত আবেদনপত্র গ্রহণ বা প্রত্যাখ্যান করার অধিকার সংরক্ষণ করেন।

১৪। **আবেদনকারীর তথ্য :**

নাম: ................................................ পদবী : ................................ স্বাক্ষর (সীলসহ).............................

**সচিব (উপসচিব)**
রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা
ও
**পরিচালক**
২৮তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০২৪ সচিবালয়

১, কাওরান বাজার, টিসিবি ভবন (৫ম তলা), ঢাকা-১২১৫
ফোনঃ ০২-৫৫০১৩৪২০, PABX ০২-৯১৪৪৮২২-২৪, ৮১৮০০৮৪, ৮১৮০০৮৭, ৮১৮০০৯০, এক্সটেনশন নং-১১৪, ফ্যাক্সঃ ৮৮০-২-৫৫০১৪০২৪
ওয়েবসাইটঃ www.epb.gov.bd , ই-মেইলঃ ditf@epb.gov.bd, Facebook: www.facebook.com/epb.gov.bd